

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ।”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)  
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)



স্মারক নম্বর : ৫৭.২৫.০০০০.০০৬.০৩.০০৪.২১-১১৫

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৮  
১৪ অক্টোবর ২০২১

**বিষয়: দাখিল ৬ষ্ঠ শ্রেণি থেকে দাখিল ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষা এবং দাখিল দশম শ্রেণির শিক্ষার্থীদের প্রাক-নির্বাচনী পরীক্ষা ২০২১ গ্রহণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৪/১১/২০২১ খ্রি. থেকে ৩০/১১/২০২১ খ্রিষ্টাব্দের মধ্যে দাখিল ৬ষ্ঠ শ্রেণি থেকে দাখিল ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষা এবং দাখিল ১০ম শ্রেণির শিক্ষার্থীদের প্রাক-নির্বাচনী পরীক্ষা ২০২১ গ্রহণ করতে হবে। এতদবিষয়ে নিম্নলিখিত নির্দেশনাগুলো যথাযথভাবে অনুসরণ করতে হবে:

- কুরআন মাজিদ ও তাজভিদ, বাংলা, ইংরেজী এবং সাধারণ গণিত বিষয়ে পরীক্ষা নিতে হবে;
- পরীক্ষার প্রশ্নপত্রের মান হবে ৫০ নম্বরের;
- প্রতিটি বিষয়ের পরীক্ষার সময় হবে ১ ঘণ্টা ৩০ মিনিট;
- সিলেবাস:

যে সকল অধ্যায় থেকে অ্যাসাইনমেন্ট (কুরআন মাজিদ ও তাজভিদ, বাংলা, ইংরেজী এবং সাধারণ গণিত বিষয়) দেওয়া হয়েছে সে সকল অধ্যায় এবং ১২/০৯/২০২১ খ্রি. হতে শ্রেণিকক্ষে যে সকল অধ্যায়ের ওপর পাঠদান করা হয়েছে তা দাখিল ৬ষ্ঠ থেকে দাখিল ১০ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য সিলেবাস;

৫. বার্ষিক/নির্বাচনী পরীক্ষার নম্বর বিন্যাস হবে নিম্নরূপ:

- ক) কুরআন মাজিদ ও তাজভিদ বিষয়ের নম্বর হবে- ৫০ (লিখিত ৩৫ + MCQ ১৫);
- খ) বাংলা (১ম ও ২য় পত্র) বিষয়ের নম্বর হবে- ৫০ (লিখিত ৩৫ + MCQ ১৫);
- গ) ইংরেজী (১ম ও ২য় পত্র) বিষয়ের নম্বর হবে- ৫০ (১ম পত্র ৩০ + ২য় পত্র ২০);
- ঘ) সাধারণ গণিত বিষয়ের নম্বর হবে- ৫০ (লিখিত ৩৫ + MCQ ১৫);
- ঙ) প্রত্যেক শিক্ষার্থীর বার্ষিক পরীক্ষার নম্বরের সাথে চলমান সকল বিষয়ের অ্যাসাইনমেন্টের ওপর ৪০ নম্বর যোগ করতে হবে এবং
- চ) বার্ষিক পরীক্ষায় দাখিল ৭ম শ্রেণি থেকে দাখিল ১০ম শ্রেণির শিক্ষার্থীদের ক্ষেত্রে পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমে অংশগ্রহণ ও স্বাস্থ্যবিধি মেনে চলার ওপর আরও ১০ নম্বর যোগ করতে হবে। উল্লেখ্য, দাখিল ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের ক্ষেত্রে পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমে অংশগ্রহণ ও স্বাস্থ্যবিধি মেনে চলার সঙ্গে বৃক্ষরোপণ প্রকল্পে তাদের কর্মতৎপরতা যুক্ত করে এই ১০ নম্বর যোগ করতে হবে;
- ছ) অর্থাৎ মোট ১০০ নম্বরের (৫০+৪০+১০) ওপর প্রত্যেক শিক্ষার্থীকে মূল্যায়নপূর্বক বার্ষিক পরীক্ষার ফলাফল তৈরি করে শিক্ষার্থীদের প্রস্তুতি রিপোর্ট প্রদান করতে হবে;

৬। ২০২১ শিক্ষাবর্ষে এ পরীক্ষা ব্যতিত অন্য কোন পরীক্ষা নেয়া যাবে না;

৭। অবশ্যই যথাযথ স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। পরীক্ষা সমাপনান্তে রিপোর্ট দাখিল করবেন।

- ১। অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা/সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট/  
সরকারি মোস্তফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া।
- ২। অধ্যক্ষ/সুপার ..... (সকল দাখিল, আলিম, ফায়িল ও কামিল মাদ্রাসা)।

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। বিভাগীয় কমিশনার .... (সকল)
- ২। জেলা প্রশাসক .... (সকল)
- ৩। উপজেলা নির্বাহী অফিসার .... (সকল)
- ৪। উপ-পরিচালক, মাউশি .... (সকল)
- ৫। জেলা শিক্ষা অফিসার .... (সকল)
- ৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার .... (সকল)

তীর আওতাধীন সকল মাদ্রাসায় উল্লিখিত নির্দেশনা  
বাস্তবায়নের অনুরোধ করা হলো।

সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ, ঢাকা।
- ৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অধ্যক্ষ, বিএমটিটিআই, গাজীপুর।

কে, এম, মুহম্মদ আমীন  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

মোঃ জিয়াউল আহসান  
পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

ফোন: ৪১০৩০১৯২  
[ziaulhasan0000@gmail.com](mailto:ziaulhasan0000@gmail.com)